# Times Today BD

আশিকুর রহমান শান্ত | বরিশাল | 05 April, 2025

শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান এর রুহের মাগফিরাত কামনা ও ৩ বারের সাবেক প্রধানমন্ত্রী দেশনেত্রী বেগম খালেদা জিয়ার রোগ মুক্তি কামনায় ভোলায় জাতীয়বাদী জিয়া সৈনিক দলের উদ্যোগে দোয়া ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।শুক্রবার (৪ এপ্রিল) দুপুরে ভোলা প্রেসক্লাব এর হল রুমে এ দোয়া ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জাতীয়তাবাদী জিয়া সৈনিক দলের ভোলা জেলা শাখার সভাপতি মোঃ জামাল উদ্দিন ফরাজীর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, ভোলা জেলা বিএনপির যুগ্ম সম্পাদক মোঃ কবির হোসেন, বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন, বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল ভোলা সদর উপজেলার সদস্য সচিব মোঃ সাজ্জাদ হোসেন মুন্না, গাজীপুর মহানগর যুবদলের সদস্য সচিব ও বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল গাজীপুর মহানগর শাখার সাবেক সহ-সভাপতি মোঃ কবির হোসেন হৃদয়, ছাত্র নেতা সানাউল্লাহ সহ প্রমূখ।

আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন, মোঃ সাদ্দাম হোসেন, মোঃ ফারুক মাস্টার, মোঃ নাজমুল হোসেন শান্ত, মোঃ শাহাদাত হোসেন মুন্না, মোঃ কবির হোসেন, মোঃ জামাল উদ্দিন ফরাজী, মোঃ শফিকুল ইসলাম সহ অন্যান্য সহযোগী সংগঠনের নেতৃবৃন্দ ও বিভিন্ন ইউনিটের বিএনপির নেতাকর্মী।

জাতীয়তাবাদী জিয়া সৈনিক দলের ভোলা জেলা সাধারণ সম্পাদক মোঃ আল আমিন তালুকদার এর সঞ্চালনায় আলোচনা সভায় বক্তারা বলেন, শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান বাংলাদেশকে নতুন ও সম্ভাবনাময় দেশ হিসেবে গড়ে তুলে বিশ্বের বুকে মাথা উঁচু করে দাঁড়ানোর স্বপ্ন দেখান।স্বৈরাচার শেখ হাসিনার প্রেতাত্মারা এখনও দেশকে অস্থিতিশীল করতে বিভিন্ন ষড়যন্ত্র করে যাচ্ছে।আওয়ামী লীগের দুঃশাসন থেকে দেশ মুক্তি পেয়েছে।কিন্তু মানুষের ভোটের অধিকার এখনও প্রতিষ্ঠিত হয়নি।

আলোচনা সভা শেষে শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান, আরাফাত রহমান কোকো, সাবেক ধর্ম প্রতিমন্ত্রী মোশারফ হোসেন শাহজাহান এবং জুলাই আগস্টে যে সকল ছাত্র জনতা শহীদ হয়েছে তাদের রুহের মাগফেরাত কামনা সহ খালেদা জিয়ার সুস্থতা ও রোগমুক্তি কামনা করে দোয়া মোনাজাত করা হয়।দোয়া মোনাজাত পরিচালনা করেন জাতীয়তাবাদী জিয়া সৈনিক দলের ভোলা জেলার সাংগঠনিক সম্পাদক মোঃ শফিকুল ইসলাম।

জিয়াউর রহমান খালেদা জিয়া জাতীয়তাবাদী জিয়া সৈনিক দল

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 24 April, 2025 23:46

URL: https://timestodaybd.com/barishal/334775807